

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৬৮

আগরতলা, ০৬ ডিসেম্বর, ২০২৩

### ৯ ডিসেম্বর রাজ্য জাতীয় লোক আদালত

আগামী ৯ ডিসেম্বর, ২০২৩ শনিবার রাজ্য আবারও বসছে জাতীয় লোক আদালত। ত্রিপুরা উচ্চ আদালত ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চতুরে এই লোক আদালত বসবে। এই লোক আদালতে মোট ৬৭টি বেঞ্চে ১৬,৯৮৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এর মধ্যে মামলা পূর্ববর্তী বিরোধ সংক্রান্ত ৫,২২৭টি বিষয় এবং আদালতে বিচারাধীন ১১,৭৬১টি মামলা রয়েছে। জাতীয় লোক আদালতে ব্যাংক ঋণ পরিশোধ সংক্রান্ত ৫,২২৭টি মামলা, মোটৰ দুর্ঘটনায় ক্ষতিপূরণ মামলা ৪০৬টি, ভোক্তা আদালত সংক্রান্ত ৪টি মামলা, আপোষযোগ্য ফৌজদারি বিরোধের ১০,৮৯০টি মামলা, বৈবাহিক বিরোধের ২৩২টি মামলা, চেক বাটন্স সংক্রান্ত (এনআই অ্যাস্ট) ১২৮টি মামলা, অন্যান্য দেওয়ানি সংক্রান্ত ৮৫টি মামলা এবং কর্মচারিদের বিষয় সংক্রান্ত ১৬টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। ত্রিপুরা উচ্চ আদালতে একটি বেঞ্চ বসবে। এই বেঞ্চে ৮২টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। লোক আদালতে সবচেয়ে বেশি ১৯টি বেঞ্চে বসবে আগরতলা আদালত চতুরে। ইতিমধ্যে মামলার উভয়পক্ষকেই নোটিস দেওয়া হয়েছে। আদালত চতুরে নাগরিকদের সাহায্যের জন্য হেল্প ডেক্স থাকবে। প্যারা লিগ্যাল ভলান্টিয়াররা আদালত চতুরে নোটিসপ্রাপ্ত হয়ে আসা লোকজনদের সাহায্য করবেন। গত ৪ ডিসেম্বর, ২০২৩ থেকে লোক আদালত সংক্রান্ত মামলাগুলির পূর্ব বোৰাপড়ার প্রক্রিয়া শুরু হয়েছে আইনসেবা কর্তৃপক্ষের সমস্ত অফিসে। আগামী ৮ ডিসেম্বর পর্যন্ত পূর্ব বোৰাপড়া প্রক্রিয়া চলবে। ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জাতীয় লোক আদালতে দুট ও বিনা আইনি খরচে আপোষ মীমাংসার মাধ্যমে মামলা নিষ্পত্তির সুবিধা নিতে সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করেছেন।

\*\*\*\*\*